গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮৭/২০১৯-২০২০
ঢাকা, ২৪ অক্টোবর বৃহস্পতিবার ২০১৯, ০৮ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাপান সম্রাটকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ রাষ্ট্রপতির
২। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে শিক্ষার মান বজায় রাখার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী
২৭৩০ প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির ঘোষণা
৩। প্রধানমন্ত্রী ন্যাম সম্মেলনে যোগ দিতে আজ আজারবাইজান যাচ্ছেন
৪। নার্সিং খাতের সমস্যা সমাধানের উপায় খুঁজতে নির্দেশ প্রধানমন্ত্রীর
দায়িত্ব দেওয়া হয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়কে
৫। বিমান রক্ষণাবেক্ষণে সংশ্লিষ্ট সবাইকে যত্নবান হতে হবে : প্রধানমন্ত্রী
শাহজালাল বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ কাজ শুরু
৬। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তৃতীয় টার্মিনাল নির্মাণে জাইকার সঙ্গে সমঝোতা স্মারক
৭। পঁচাত্তর-পরবর্তী সময়ে কেবল প্রধানমন্ত্রী শেখ হাসিনাই নিজ দলে শুদ্ধি অভিযান করেছেন : সেতুমন্ত্রী
৮। ২০৪০ সাল নাগাদ তামাকমুক্ত হবে দেশ : তামাকবিরোধী গণমাধ্যম পুরস্কার প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
৯। প্রবাসীদের হয়রানি রোধে ব্যবস্থা নেয়া হয়েছে : ফ্রান্সে সংবর্ধনাসভায় পররাষ্ট্রমন্ত্রী
১০। ডেল্টা পরিকল্পনা বাস্তবায়নে প্রতিবেশীদের সহযোগিতা প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী
১১। এসএমই খাতে অর্থ বরাদ্দ বৃদ্ধি করতে হবে : তাঁতপণ্য প্রদর্শনীতে পরিকল্পনামন্ত্রী
১২। শেষ হলো বাংলাদেশ-ভারত স্টেকহোল্ডার বৈঠক :
দু'দেশের বাণিজ্য ঘাটতি কমানোর তাগিদ বাণিজ্যমন্ত্রীর
১৩। গ্রামেই নগরের সব সুবিধা পাওয়া যাবে : বিশ্ব বসতি দিবসের অনুষ্ঠানে গণপূর্তমন্ত্রী
১৪। মশা নিয়ন্ত্রণে বছরব্যাপী কার্যক্রম ঘোষণা : সংবাদসম্মেলনে ঢাকা উত্তরের মেয়র
১৫। কৃষি উন্নয়নে কৃষিবিদদের ভূমিকা অপরিসীম : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৬। সড়ক পরিবহণ আইন আগামী ১ নভেম্বর থেকে কার্যকর

চলমান পাতা-২

**১। জাপান সম্রাটকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জাপানের নতুন সম্রাট নারুহিতো ও সম্রাজ্ঞী মাসাকোকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন। বাংলাদেশ-জাপান সম্পর্কের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য এ আমন্ত্রণ জানানো হয়। ২০২২ সালে দু'দেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উদ্‌যাপন করা হবে। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন জানান, গত ২২ অক্টোবর মঙ্গলবার জাপানের রাজধানী টোকিওতে ইম্পেরিয়াল প্যালেসে সম্রাটের অভিষেক-পরবর্তী ভোজসভায় রাষ্ট্রপতি তাদের এ আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি সম্রাট ও সম্রাজ্ঞীর সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি সম্রাট-সম্রাজ্ঞীর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**২। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে শিক্ষার মান বজায় রাখার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী**
**২৭৩০ প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির ঘোষণা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরো ২ হাজার ৭৩০টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির ঘোষণা দিয়ে এর নীতিমালা যথাযথভাবে মেনে চলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দিয়েছেন। গতকাল (২৩ অক্টোবর বুধবার) গণভবনে নতুন করে এমপিও তালিকাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর নাম ঘোষণা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, আপনারা নীতিমালা অনুযায়ী সব নির্দেশনা পূর্ণ করতে পেরেছেন বলে এমপিওভুক্ত হয়েছেন। কাজেই এটা ধরে রাখতে হবে। কেউ যদি এটা ধরে রাখতে ব্যর্থ হয়, সঙ্গে সঙ্গে তার এমপিওভুক্তি বাতিল হবে। তিনি আরো বলেন, যত্রতত্র শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠলে শিক্ষার সঠিক মান আর বজায় থাকে না। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে শিক্ষার মান বজায় রাখার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫),

**৩। প্রধানমন্ত্রী ন্যাম সম্মেলনে যোগ দিতে আজ আজারবাইজান যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮তম জোট নিরপেক্ষ আন্দোলন (ন্যাম) শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ (২৪ অক্টোবর বৃহস্পতিবার) চারদিনের সরকারি সফরে আজারবাইজানের রাজধানী বাকুর উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। **১শ'** ২০টি উন্নয়নশীল দেশের ফোরাম ন্যামের দুই দিনের সম্মেলনটি আগামী ২৫ ও ২৬ অক্টোবর আজারবাইজানের রাজধানী বাকুর কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত হবে। আজ (২৪ অক্টোবর বৃহস্পতিবার) বিকেলে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ বিমান বাকুর উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪। নার্সিং খাতের সমস্যা সমাধানের উপায় খুঁজতে নির্দেশ প্রধানমন্ত্রীর**
**দায়িত্ব দেওয়া হয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়কে**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নার্সিং খাতে বিরাজমান সমস্যা সমাধানের উপায় খুঁজে বের করতে জনপ্রশাসন মন্ত্রণালয়কে দায়িত্ব দিয়েছেন। গতকাল (২৩ অক্টোবর বুধবার) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক ও স্বাস্থ্য সচিব (স্বাস্থ্য শিক্ষা) শেখ ইউসুফ হারুন নার্সিং সেক্টরের বিরাজমান সমস্যা অবহিত করতে প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ নির্দেশনা দেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.২)।

**৫। বিমান রক্ষণাবেক্ষণে সংশ্লিষ্ট সবাইকে যত্নবান হতে হবে : প্রধানমন্ত্রী**
**শাহজালাল বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ কাজ শুরু**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের কষ্টার্জিত অর্থের বিনিময়ে সংগৃহীত বিমানের উড্ডয়ন ও রক্ষণাবেক্ষণে সবাইকে বিশেষ যত্নবান হতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, পেশাগত দক্ষতা ও সততার কোনো বিকল্প নেই। আর দেশের মান-মর্যাদাও এর সঙ্গে জড়িত। আর বিমান উড্ডয়ন একটি উচ্চতর কারিগরি পেশা। এখানে পেশাগত দক্ষতার গুরুত্ব সবচেয়ে বেশি। এ দক্ষতা একদিকে যেমন আত্মবিশ্বাস বৃদ্ধি করে, তেমনি সংশ্লিষ্ট সংস্থার জন্যও বয়ে আনে সুনাম ও মর্যাদা। আমরা বিশ্বের সঙ্গে আকাশ পথে যোগাযোগ স্থাপন করতে চাই। তাই কষ্টার্জিত অর্থের বিনিময়ে সংগৃহীত এ মূল্যবান বিমানের নিরাপদ উড্ডয়ন ও রক্ষণাবেক্ষণে সকলকে যত্নবান হতে হবে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে তিন দিনব্যাপী ৬ষ্ঠ 'আন্তর্জাতিক ফ্লাইট সেফটি' সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী আরো বলেন, বিমান ভ্রমণ আরো নিরাপদ, আরামদায়ক ও সহজতর করতে আমরা বদ্ধপরিকর। এর অংশ হিসেবে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণের কাজ শুরু হয়েছে। শাহজালালে নতুন টার্মিনাল হওয়ার পর এখনকার চেয়ে প্রায় আড়াইগুণ বেশি যাত্রীকে সেবা দেওয়া সম্ভব হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** পৃ.১,ক.৮)।

৬। **শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তৃতীয় টার্মিনাল নির্মাণে জাইকার সঙ্গে সমঝোতা স্মারক**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সম্প্রসারণ প্রকল্পের আওতায় থার্ড টার্মিনাল নির্মাণের জন্য জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের সঙ্গে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) সচিবালয়ে দু'দেশের প্রতিনিধিদের উপস্থিতিতে বহুল প্রতীক্ষিত এ চুক্তি স্বাক্ষরিত হয়। এ সময় বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ মাহবুব আলী বলেন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ বাংলাদেশের এভিয়েশন খাতের উন্নয়নের ইতিহাসে উজ্জ্বল অংশ হয়ে থাকবে। জাপানী দাতা সংস্থা জাইকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল নির্মাণে সম্পূর্ণ অর্থায়ন করবে। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

৭। **পঁচাত্তর-পরবর্তী সময়ে কেবল প্রধানমন্ত্রী শেখ হাসিনাই নিজ দলে শুদ্ধি অভিযান করেছেন : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পঁচাত্তর-পরবর্তী সময়ে নিজের দলেই শুদ্ধি অভিযান পরিচালনা করেছেন একমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুদ্ধি অভিযানে প্রভাবশালী কেউ যদি জড়িত থাকে, তাহলে তাদেরও বিচারের আওতায় আনা হবে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) রাজধানীর ধানমন্ডিতে একটি কমিউনিটি সেন্টারে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের বর্ধিত সভায় তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস, দুর্নীতি, মাদক ও চাঁদাবাজবিরোধী অভিযানে নিজ দলের নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে নজির সৃষ্টি করেছেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

৮। **২০৪০ সাল নাগাদ তামাকমুক্ত হবে দেশ : তামাকবিরোধী গণমাধ্যম পুরস্কার প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

সবার সম্মিলিত প্রচেষ্টায় ২০৪০ সাল নাগাদ দেশকে তামাকমুক্ত করা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেন, বাংলাদেশে তামাকজাত পণ্য ব্যবহারকারীর সংখ্যা বা হার ধীরে ধীরে কমছে। সেটি ৪০ থেকে ৩৫ শতাংশে নেমে এসেছে। এ হার কমাতে সরকার অনেক পদক্ষেপ গ্রহণ করছে। ইতোমধ্যে আইন করা হয়েছে, আইনের প্রয়োগও হচ্ছে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে তামাকবিরোধী গণমাধ্যম পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৯। **প্রবাসীদের হয়রানি রোধে ব্যবস্থা নেয়া হয়েছে : ফ্রান্সে সংবর্ধনাসভায় পররাষ্ট্রমন্ত্রী**

প্রবাসীদের হয়রানি রোধে সরকার অত্যন্ত আন্তরিকতার সঙ্গে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন। ফ্রান্স সফরকালে গত ২০ অক্টোবর জালালাবাদ অ্যাসোসিয়েশন ফ্রান্স শাখা এবং স্থানীয় আওয়ামী লীগের দেয়া সংবর্ধনাসভায় তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

১০। **ডেল্টা পরিকল্পনা বাস্তবায়নে প্রতিবেশীদের সহযোগিতা প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, শত বছরের ডেল্টা প্ল্যান বা বদ্বীপ পরিকল্পনা বাস্তবায়নে প্রতিবেশীদের সহায়তা প্রয়োজন। ভাটির এ দেশের অনেক নদ-নদীর উৎস প্রতিবেশী দেশগুলো। সেজন্য এ উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে বাংলাদেশ উন্নয়ন সহযোগী সংস্থাগুলোর পাশাপাশি ভারত, মিয়ানমার, চীন, নেপাল, ভুটানের মতো প্রতিবেশী দেশগুলোর সহযোগিতা চেয়েছে, আরো চাইবে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে ১০০ বছরের ডেল্টা পরিকল্পনা নিয়ে উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থার প্রতিনিধিদের সঙ্গে পরামর্শক সভায় প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৭,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১৩,ক.১),

১১। **এসএমই খাতে অর্থ বরাদ্দ বৃদ্ধি করতে হবে : তাঁতপণ্য প্রদর্শনীতে পরিকল্পনামন্ত্রী**

ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে অর্থ বরাদ্দ বৃদ্ধি করতে হবে বলে মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। গতকাল (২৩ অক্টোবর বুধবার) গুলশানের গার্ডেনিয়া গ্রান্ড হলে তাঁতপণ্য প্রদর্শনী 'হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভাল'-এর উদ্বোধনীতে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১)।

১২। **শেষ হলো বাংলাদেশ-ভারত স্টেকহোল্ডার বৈঠক :**
**দু'দেশের বাণিজ্য ঘাটতি কমানোর তাগিদ বাণিজ্যমন্ত্রীর**

ভারতের উত্তর-পূর্ব রাজ্যগুলোর সঙ্গে বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণ, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে আসামের গোয়াহাটিতে শুরু হওয়া দু'দিনের বাংলাদেশ-ভারত স্টেকহোল্ডার্সের উচ্চ পর্যায়ের বৈঠক গতকাল (২৩ অক্টোবর বুধবার) শেষ হয়েছে। বৈঠকে দুই দেশের বাণিজ্য ঘাটতি কমানোর তাগিদ দেন বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। অন্যদিকে চট্টগ্রাম বন্দর ব্যবহার ও দুই দেশের মধ্যে বাণিজ্যিক ও ব্যক্তিগত যান চলাচল দ্রুত চালুর তাগিদ দেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। বৈঠকের প্রথম দিন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, বর্তমানে দু'দেশের মধ্যে প্রায় ৯ বিলিয়ন মার্কিন ডলারের বাণিজ্য রয়েছে। কিন্তু এর মধ্যে নানা জটিলতায় বাংলাদেশ মাত্র **১.৫** বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি করছে। বাংলাদেশের পণ্য রপ্তানিতে যে জটিলতা রয়েছে সে সব সমস্যা সমাধানে আন্তরিক হতে হবে দু'দেশকে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৮,ক.১)।

১৩। **গ্রামেই নগরের সব সুবিধা পাওয়া যাবে : বিশ্ব বসতি দিবসের অনুষ্ঠানে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী অ্যাডভোকেট শ. ম. রেজাউল করিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার টেকসই উন্নয়নের জন্য পরিবেশ সুরক্ষা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে। বর্তমান সরকার শুধু নগর উন্নয়ন নয়, বরং নগরের সব সুযোগ সুবিধা গ্রামে নিয়ে যেতেও বদ্ধপরিকর। গ্রামেই নগরের সব সুবিধা পাওয়া যাবে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) রাজধানীর ইনস্টিটিউশন অভ্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) ভবনে বিশ্ব বসতি দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

১৪। **মশা নিয়ন্ত্রণে বছরব্যাপী কার্যক্রম ঘোষণা : সংবাদসম্মেলনে ঢাকা উত্তরের মেয়র**

এডিস কিউলেক্সসহ অন্য যে কোন মশা নিয়ন্ত্রণে বছরব্যাপী কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে ঢাকা উত্তরের মেয়র আতিকুল ইসলাম। একই সঙ্গে কিউলেক্স মশা নিয়ন্ত্রণে ডিএনসিসি এখন থেকেই সম্পূর্ণ প্রস্তুত রয়েছে বলে জানান তিনি। কোনো কাউন্সিলরের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির প্রমাণ পেলে প্রচলিত আইনের পাশাপাশি সিটি কর্পোরেশনের নিজস্ব আইনেও ব্যবস্থা নেয়ার ঘোষণা দেন। দুর্নীতিতে জড়িত কাউকে ছাড় দেয়া হবে না। বাড়ি দখল, ফুটপাথ নিয়ে বাণিজ্য বা অন্য যে কোনো অন্যায়ের সঙ্গে জড়িত থাকলে ব্যবস্থা নেয়া হবে। গতকাল (২৩ অক্টোবর বুধবার) গুলশানে ডিএনসিসি কার্যালয়ে মশক নিধনে বছরব্যাপী কার্যক্রমের পরিকল্পনা নিয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে মেয়র এসব কথা বলেন। সূত্র **: জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

১৫। **কৃষি উন্নয়নে কৃষিবিদদের ভূমিকা অপরিসীম : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, দেশের কৃষিক্ষেত্রের অভূতপূর্ব উন্নয়নের পেছনে কৃষিবিদদের ভূমিকা অপরিসীম। গতকাল (২৩ অক্টোবর বুধবার) শেরেবাংলানগরে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ আয়োজিত আলোচনাসভায় তিনি একথা বলেন। তিনি বলেন, দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। বর্তমানে বাংলাদেশ খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত হয়েছে। কৃষিক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বের বুকে যে সুদৃঢ় অবস্থান করে নিয়েছে, তার পেছনে কৃষিবিদরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.৩,ক.১**), বণিক বার্তা (**পৃ.৬,ক.২**)।**

১৬। **সড়ক পরিবহণ আইন আগামী ১ নভেম্বর থেকে কার্যকর**

সড়ক পরিবহণ আইন আগামী **১** নভেম্বর থেকে কার্যকর হচ্ছে। আইনটি কার্যকরের তারিখ ঘোষণা করে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ থেকে গত ২২ অক্টোবর মঙ্গলবার গেজেট প্রকাশ করা হয়েছে। ড্রাইভিং লাইসেন্স ছাড়া পেশাদার বা অপেশাদার চালক গাড়ি চালালে কারাদণ্ড ও জরিমানার বিধান রেখে ২০১৭ সালের ২৭ মার্চ মন্ত্রিসভা আইনটির খসড়ার অনুমোদন দেয়। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, যুগান্তর, ভোরের কাগজ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সড়কে ফিটনেসবিহীন যান চলাচল এবং ওভারটেকিংয়ের মতো অসুস্থ প্রতিযোগিতা সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ উল্লেখ করে এসব বন্ধে যে নির্দেশ দিয়েছেন তা যথাযথ বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** নদীর আশেপাশে বৈধ জমিতে ঘরবাড়ি বা বিভিন্ন সরকারি-বেসরকারি স্থাপনা নির্মাণ করার সময় সঠিকভাবে সয়েল টেস্ট বা মাটি পরীক্ষার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** দেশ হতে জনশক্তি রপ্তানিতে প্রতারণা রোধে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** খেলাপি ঋণ হ্রাসসহ ব্যাংকিং খাত সংস্কারে অর্থ মন্ত্রণালয় থেকে ক্র্যাশ প্রোগ্রাম গ্রহণের বিষয়টি ইতিবাচক উল্লেখ করে এ কর্মসূচি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশের অর্থনীতিতে শুভ ধারার সূচনা হবে বলে আশাবাদ প্রকাশ।

ঙ. **জনকণ্ঠ :** তথ্যপ্রযুক্তিতে উন্নতি করতে হলে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

চ. **ঢাকা ট্রিবিউন :** প্লাস্টিক দূষণ জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় এ ব্যাপারে জনসচেতনতার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে ১৯ মিলিয়ন শিশু জলবায়ু পরিবর্তনের ঝুঁকির মধ্যে রয়েছে জাতিসংঘের এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ঝুঁকি মোকাবিলায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মূল্যবোধ ও সুশাসনের চর্চা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সুশাসন প্রতিষ্ঠায় সরকারের ভূমিকার পাশাপাশি জনগণের ভূমিকাও অপরিহার্য।

#

ডালিয়া/শাম্মী/মরজিনা/সেলিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা